সংবাদ

তারিখ ... 6-8-83 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

058

# প্রাথমিক শিক্ষাকে পর্যায়ক্রমে ৮ বছরে উন্নীত করা হবে

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বৃহস্পতিবার ঢাকায় বলেন যে, প্রাথমিক শিক্ষাকে পর্যায়ক্রমে ৫ বছর থেকে ৮ বছরে উন্নীত করা হবে এবং বর্তমান সার্বজনীন প্রাথমিক শিক্ষাকে ভবিষ্যতে বাধ্যতামূলক করা হবে।

শিক্ষামন্ত্রী ঐদিন সকালে শিক্ষা ভবনে দুই বছর মেয়াদী পি,টি,আই প্রশিক্ষণ কোর্স চালু সংক্রান্ত এক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

তিনি বলেন, সরকার প্রাথমিক শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিয়েছেন বলে পিটিআই'এর ১ বছরের কোর্স ২ বছরে উন্নীত করা হয়েছে। এর লক্ষ্য হল, প্রাথমিক শিক্ষাকে কাঠামোগতভাবে মজবুত এবং জীবনভিত্তিক করা। কেননা শিক্ষার মূল ভিত্তিই প্রাথমিক শিক্ষা।

৮ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা প্রবর্তনের ব্যাখ্যা দিতে গিয়ে মন্ত্রী বলেন, আমাদের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে ৫ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা অর্থবহ হয় না। একে কাঠামোগতভাবে জীবনভিত্তিক করার কাজ শেষ হলে ক্রমান্বয়ে ভবিষ্যতে ৮ বছর মেয়াদী করা হবে।

২ বছর মেয়াদী পি টি আই ট্রেনিং কোর্স চালু প্রসঙ্গে তিনি আরও বলেন, প্রাথমিক শিক্ষাকে সব শিক্ষার সাথে মূল্যায়নের জন্য ২ বছর মেয়াদী পি টি আই কোর্স চালুর সিদ্ধান্ত নেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।